



হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজে ফি আদায়ের সিদ্ধান্ত ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

কূটনৈতিক আলোচনায় অগ্রগতির ফলে শেষ মুহূর্তে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সাময়িক যুদ্ধবিরতির একটি সমঝোতা তৈরি হয়েছে। এরই অংশ হিসেবে গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালীতে জাহাজ চলাচলের ওপর নির্ধারিত ফি আদায়ের অনুমতি পেয়েছে ইরান ও ওমান।

মার্কিন বার্তা সংস্থার বরাতে আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে জানানো হয়, দুই সপ্তাহের যুদ্ধবিরতি পরিকল্পনার অংশ হিসেবেই পারস্য উপসাগরের প্রবেশমুখে অবস্থিত এই কৌশলগত রুটে চলাচলকারী জাহাজ থেকে ফি আদায়ের সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানান, এই আয় ইরান পুনর্গঠন কাজে ব্যয় করার পরিকল্পনা করছে। তবে ওমান এই অর্থ কীভাবে ব্যবহার করবে, সে বিষয়ে এখনো পরিষ্কার কোনো তথ্য পাওয়া যায়নি।

এর আগে বাংলাদেশ সময় বুধবার ভোরে ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, ইরানের বিরুদ্ধে পরিকল্পিত বড় ধরনের সামরিক অভিযান দুই সপ্তাহের জন্য স্থগিত রাখা হয়েছে। এই সাময়িক বিরতিকে দীর্ঘমেয়াদী শান্তি আলোচনায় রূপ দেওয়ার লক্ষ্যে এখন কূটনৈতিক তৎপরতা আরও জোরদার হচ্ছে।